দৈনিক বাংলা

তারিখ 13 OCT 1992

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

10

# নিরক্ষরতা দূর করার কর্মসূচী সফল করুন ঃ তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা সমগ্র জনগোষ্ঠীকে শিক্ষিত করার লক্ষ্যে বর্তমান গণতান্ত্রিক সরকার গৃহীত দেশ-ব্যাপী নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচী সফল করতে এগিয়ে আসার জন্য সমাজসেবা-মূলক সংগঠনগুলোর প্রতি আহ্বান জানিয়েছেন।

তথ্যমন্ত্রী সোমবার স্থানীয় একটি হোটেলে রোটারেক্ট ক্লাব অব ঢাকা মেডিক্যাল কলেজ-এর ষষ্ঠ অভিষেক অনুষ্ঠান এবং রোটারী ক্লাব অব ঢাকা নর্থ-এর যৌথ সভার উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে এ আহ্বান জানান। খবর তথ্য বিবরণীর।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শাহদাত হোসেন, ডঃ মোঃ মনিরুজ্জামান, ফয়সাল মাহমুদুল হক, অধ্যাপিকা গুলশান আরা,

(৭ এর পৃঃ দ্রঃ)

## তথ্যমন্ত্রী

(প্রথম পৃষ্ঠার পর)

অধ্যাপক এস এন সামাদ চৌধুরী, মাসুদুস সালেহীন, এম এ মনসুর, অদুদ সরকার এবং আফতাবুল ইসলাম বক্তৃতা রাখেন।

তথ্যমন্ত্রী বলেন, দেশকে গড়ে তুলতে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে বর্তমান দেশপ্রেমিক সরকার গ্রামে-গঞ্জে এবং প্রত্যন্ত অঞ্চলে বিভিন্ন উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন করে চলেছে।

তিনি দেশের সামগ্রিক উন্নয়ন কর্ম-কাণ্ডে ছাত্র, তরুণ এবং যুবসমাজকে অংশগ্রহণের আহ্বান জানিয়ে বলেন, একটি স্বনির্ভর জাতি হিসাবে নিজেদেরকে গড়ে তুলতে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। ক্লাবের নবনির্বাচিত কর্ম-কর্তাদের অভিনন্দন জানিয়ে তিনি ডায়রিয়া, মাদকাশক্তি এবং ধূমপানরোধে সাধারণ জনগণেকে সচেতন করতে ব্যাপক কর্মসূচী গ্রহণের জন্য ক্লাবের সদস্যদের প্রতি আহ্বান জানান।